

টিএসসিতে হামলাকারীদের ছবি ও ভিডিও প্রদর্শন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের

ঢাবি প্রতিবেদক

২৯ অক্টোবর ২০২৪, ০৮:১৫ পিএম



শিক্ষার্থীদের ওপর ছাত্রলীগের হামলা। ছবি: সংগৃহীত

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) শিক্ষার্থীদের ওপর গত ১৫ জুলাই থেকে ১৭ জুলাই পর্যন্ত হামলাকারীদের ছবি ও ভিডিও বড় পর্দায় প্রদর্শনের আয়োজন করেছে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন।

আজ মঙ্গলবার সন্ধ্যা ৭টা থেকে ৯টা পর্যন্ত এই প্রদর্শনী চলে। প্রদর্শনী আরও দুদিন চলমান থাকবে বলে জানিয়েছেন আয়োজকরা।

এর আগে টিএসসির পায়রা চত্বরে আয়োজিত সংবাদ সম্মেলনে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সমন্বয়ক রেজওয়ান আহমেদ রিফাত বলেন, গত ১৫ জুলাই থেকে ১৭ জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয়ে সাতটি জায়গায় অপরাধ সংগঠিত

হয়েছে। এ সকল ঘটনার ভিডিওচিত্র, স্থিরচিত্র, সিসিটিভি ফুটেজ, আহতদের বয়ান ও চাক্ষুষ সাক্ষীর মাধ্যমে হামলাকারী, পরিকল্পনাকারী, হুকুমদাতা ও মদতদাতাদের চিহ্নিত করব। এই লক্ষ্যে আজ (মঙ্গলবার) সন্ধ্যা ৭টা থেকে রাত ৯টা পর্যন্ত টিএসসির পায়রা চত্বরে বিভিন্ন ভিডিওচিত্র প্রদর্শনী করব। এই ক্যাম্পেইনটা তিন দিন চলমান থাকবে। এই প্রদর্শনীর মাধ্যমে হামলাকারীর বিরুদ্ধে সাক্ষীও পেয়ে যাব।

তিনি বলেন, ‘টিএসসির পায়রা চত্বরে আমরা একটি বুথ স্থাপন করব। সেখানে কোনো হামলাকারীর বিরুদ্ধে ভিডিওচিত্র, স্থিরচিত্র, চাক্ষুষ সাক্ষী ও অন্য কোনো প্রমাণ থাকলে সেই তথ্য প্রমাণগুলো আমরা সংগ্রহ করব।’

তিনি আরও বলেন, ‘আবার দেখা যাচ্ছে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের রাঘব বোয়ালদেরকে ছেড়ে ছোট ছোট পদধারীদেরকে ধরা হচ্ছে। শুধুমাত্র পদ থাকলেই তাকে মামলা দেওয়া হচ্ছে। এটি আমরা চাই না। আমরা চাই সুস্পষ্ট আইনের মাধ্যমে বিচার হোক। আওয়ামী লীগের সময়ে যে অনাচার হয়েছে, মিথ্যা মামলার রাজনীতি হয়েছে, সেটি আমরা চাই না। প্রশাসনের কাছে আবেদন জানাতে চাই, যেন কোনো নিরপরাধ মানুষকে হয়রানি করা না হয়।’